# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**

রাজশাহী শিক্ষা বোর্ড

## জরুরী বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : ৫৫৬/জে.এস.সি (নিব:)/ বি.প — তারিখ: ২২/০৯/২০২৫

**বিষয় ঃ ২০২৫ সালে ৮ম শ্রেণিতে অধ্যায়নরত শিক্ষার্থীদের নিবন্ধনের তালিকা ও ফি জমাদান প্রসঙ্গে।**

রাজশাহী শিক্ষা বোর্ডের অধিভুক্ত নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে পাঠদান/স্বীকৃতিপ্রাপ্ত বিদ্যালয়/মহাবিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণের এবং ৮ম শ্রেণীর পাঠদানের অনুমতিপ্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের (অনলাইনে রেজিস্ট্রেশন ও হার্ডকপি প্রস্তুত করার জন্য প্রত্যেক শিক্ষার্থীর ছবি,জন্ম নিবন্ধন,পিতা- মাতার NID ও PEC সনদের ফটোকপি সংগ্রহ করবেন) নামের তালিকা (বাংলা ও ইংরেজিতে) কম্পিউটারে প্রস্তুত করে শিক্ষার্থী প্রতি ২৮২/- টাকা, বিলম্বের ক্ষেত্রে (২৮২+৫০)=৩৩২/- টাকা হারে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী হিসাব নম্বর SND ৩৬০০০০৬৮ সোনালী ব্যাংক গ্রেটার রোড শাখা, রাজশাহী বরাবর সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিয়ে ব্যাংক কর্তৃক স্বাক্ষরিত সোনালী সেবা রশিদের মূল এবং ফটোকপি, বর্তমান কমিটি ও মঞ্জুরীর কাগজ এবং বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চলের সদস্য ফি (বিশ্বস্কাউটস সংস্থার) ৪০০/- (চারশত) টাকা প্রদানের মূল রশিদের ফটোকপিসহ তিন সেট একত্রে নতুন ভবনের তৃতীয় তলায় হিসাব (আয়) শাখায় জমা করতে হবে। হিসাব শাখা কর্তৃক স্বাক্ষরিত ০২(দুই) সেটের মধ্যে এক সেট প্রতিষ্ঠানের অফিস কপি হিসেবে রেখে বাকী এক সেট জেএসসি নিবন্ধন শাখায় জমা দেয়ার জন্য জেলাওয়ারী তারিখ নিম্নে প্রদত্ত হল ঃ

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>জেলার নাম</th><th>সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের শুরুর তারিখ</th><th>বিলম্ব ফি সহ সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ</th><th>তালিকাসহ সোনালী সেবার রশিদ জমার নির্ধারিত তারিখ</th><th>অনলাইনে রেজিস্ট্রেশনের কার্যক্রম শুরুর তারিখ</th><th>অনলাইনে রেজিস্ট্রেশনের কার্যক্রম শেষ করার তারিখ</th><th>হার্ডকপি জমা দানের শেষ তারিখ</th></tr>
<tr><td>০১.</td><td>রাজশাহী</td><td rowspan="8">২৩/০৯/২০২৫ হতে ০৫/১০/২০২৫ সকল জেলার জন্য প্রযোজ্য</td><td rowspan="8">০৬/১০/২০২৫ হতে ১৫/১০/২০২৫ সকল জেলার জন্য প্রযোজ্য</td><td>১৯/১০/২০২৫</td><td rowspan="8">২৩/০৯/২০২৫ সকল জেলার জন্য প্রযোজ্য</td><td rowspan="8">১৫/১০/২০২৫ সকল জেলার জন্য প্রযোজ্য</td><td rowspan="8">৩০/১০/২০২৫ সকল জেলার জন্য প্রযোজ্য</td></tr>
<tr><td>০২.</td><td>নবাবগঞ্জ</td><td>২০/১০/২০২৫</td></tr>
<tr><td>০৩.</td><td>নাটোর</td><td>২১/১০/২০২৫</td></tr>
<tr><td>০৪.</td><td>নওগাঁ</td><td>২২/১০/২০২৫</td></tr>
<tr><td>০৫.</td><td>পাবনা</td><td>২৩/১০/২০২৫</td></tr>
<tr><td>০৬.</td><td>সিরাজগঞ্জ</td><td>২৬/১০/২০২৫</td></tr>
<tr><td>০৭.</td><td>বগুড়া</td><td>২৭/১০/২০২৫</td></tr>
<tr><td>০৮.</td><td>জয়পুরহাট</td><td>২৮/১০/২০২৫</td></tr>
</table>

**দৃষ্টি আর্কষণ:**

নিবন্ধনের কাজ শুরুর পূর্বে চিঠিটি মনোযোগ সহকারে কয়েকবার পড়া বাঞ্চনীয়। নির্ধারিত তারিখের পর নিবন্ধন সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবে না। তবে বিশেষ দ্রষ্টব্য অনুসরণ করা যেতে পারে।

উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের তালিকা কম্পিউটারে (বাংলা ও ইংরেজিতে) কম্পোজ করে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কোড নং, EIIN, ডাকঘর, থানা/উপজেলা, জেলা, হাল নাগাদ টেলিফোন/মোবাইল নম্বর, E-mail Address সহ কম্পিউটারাইজড ফরওয়ার্ডিং এর মাধ্যমে দাখিল করতে হবে। হাতের লেখা ফরওয়ার্ডিং গ্রহণ করা হবে না। নিবন্ধন সংক্রান্ত কোন জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। প্রতিষ্ঠান প্রধানই সম্পূর্ণরূপে দায়ী থাকবেন। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

**নির্দেশাবলী:-**

১। জেএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বয়স অষ্টম শ্রেণীতে ভর্তির সময় ২০২৫ সালের ১লা জানুয়ারীতে ১১+ এবং সর্বোচ্চ ১৭ (সতের) বছরের নীচে হতে হবে। বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধি) শিক্ষর্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ২২বছর।

২। (ক) শিক্ষার্থীর পিতা / মাতা এসএসসি/সমমানের সনদধারী হলে তাদের মুলসনদ অনুযায়ী পিতা/মাতার নাম এন্ট্রি করতে হবে।
(খ) শিক্ষার্থীর পিতা/মাতা এসএসসি সমমানের সনদধারী না হলে, জন্ম নিবন্ধন /জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা/ মাতার নাম এন্ট্রি করতে হবে।
(গ) অন্যথায় প্রাথমিক সমাপনি পরীক্ষার পাসের সনদ অনুযায়ী পিতা/মাতার নাম এন্ট্রি করতে হবে।
(ঘ) শিক্ষার্থীর নিজ,পিতা ও মাতার নামের পূর্বে মিস,মিসেস,কুমারী,জনাব,মিঃ,মৌলভী,আলহাজ্ব, অধ্যাপক,ব্যারিষ্টার, ইঞ্জিনিয়ার,কর্ণেল,ড.,ডাঃ, শ্রী,শ্রীমতি, বাবু,মৃত,মরহুম ইত্যাদি পদবী সংযোজন করা যাবে না।
(ঙ) শিক্ষার্থীদের তালিকা ও হার্ডকপি শিক্ষার্থীর পি.ই.সি সনদ,জন্ম নিবন্ধন, পিতা ও মাতার NID মূলে প্রস্তুত করতে হবে।

৩। (ক) অনলাইনে নিবন্ধন সংক্রান্ত কার্য সম্পাদনের পর বোর্ডের পূর্বানুমতি ব্যতীত ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের টিসি/ছাড়পত্র প্রদান করা যাবে না।
(খ) কোন শিক্ষার্থী বিদ্যালয় পরিবর্তন করতে চাইলে বদলীর কারণ উল্লেখসহ উভয় বিদ্যালয়ের সুপারিশক্রমে আবেদন পত্রে বিদ্যালয় পরির্দশকের স্বাক্ষর পূর্বক ১,০০০/-(এক হাজার) টাকা বদলী ফি জমা প্রদান করে আদেশের জন্য জেএসসি নিবন্ধন শাখায় জমা দিতে হবে। তবে ঐ বিদ্যালয়ে পঠিত পূর্বের বিষয়গুলোর মিল থাকতে হবে।
(গ) বদলীকৃত শিক্ষার্থীদের রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে কোন প্রতিষ্ঠানে নিবন্ধন করা থাকলে নতুন করে নিবন্ধন করতে হবে না এবং নিবন্ধন সংক্রান্ত কোন ফি জমা দিতে হবে না।